

## ডেমক্রেসিওয়াচের আইন শৃঙ্খলা ও মানবাধিকার বিষয়ক মাসিক প্রতিবেদন

এপ্রিল মাসে সারা দেশে খুন ১২৫, ধর্ষণ ২০

বেসরকারী প্রতিষ্ঠান ডেমক্রেসিওয়াচের মানবাধিকার সেল ১-৩০ এপ্রিল পর্যন্ত নিয়মিতভাবে দেশের আইন-শৃঙ্খলা ও মানবাধিকার সংক্রান্ত সংবাদপত্রে প্রকাশিত রিপোর্টসমূহ পর্যবেক্ষণ করে আসছে। ১৫টি জাতীয় দৈনিক ইত্তেফাক, প্রথমআলো, সমকাল, আমার দেশ, আমাদের সময়, নয়া দিগন্ত, যুগান্তর, কালের কণ্ঠ, Star ও New age এই পর্যবেক্ষণের আওতায় রয়েছে। যে সব বিষয় বা ঘটনা পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয় তাহলো : খুন, সামাজিক সংঘর্ষ, ধর্ষণ, এসিড ছোড়া, সাম্প্রদায়িক সংঘর্ষ, আত্মহত্যা এবং সাংবাদিক নির্যাতন ইত্যাদি। এই রিপোর্টে এপ্রিল ২০১০ এ সারাদেশে সংঘটিত এবং উল্লেখিত ১০টি দৈনিকে প্রকাশিত আইন-শৃঙ্খলা ও মানবাধিকার লংঘনের ঘটনাবলীর একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়েছে।

### প্রাপ্ত তথ্য:

**খুন:** এপ্রিল মাসে সারা দেশে (সন্ত্রাসী হামলা, ডাকাতি, জমি নিয়ে বিরোধ, সম্পত্তি নিয়ে মারামারি ও দলাদলি, যৌতুক, ধর্ষন ইত্যাদি) খুন হয় ১২৫ জন। এর মধ্যে পুরুষ ৯৭, মহিলা ২৫ ও শিশু রয়েছে ৩ জন।

**ধর্ষণ:** এপ্রিল মাসে সারা দেশে ধর্ষণের ঘটনা ঘটে ২০টি ঘটনায় ১ জন নারী নিহত ও ৬ জন আহত হয়েছে। এছাড়া তিনটি পৃথক ঘটনায় ৩ জন শিশু আহত হয়। ঢাকা, চাঁদপুর, মানিকগঞ্জ, হবিগঞ্জ, ফরিদপুর, খুলনা, বগুড়া, পিরোজপুর, চট্টগ্রাম, নারায়নগঞ্জ, গাইবান্ধা ও ভোলায় এসব ঘটনা ঘটে।

**এসিড নিক্ষেপ:** এপ্রিল মাসে টাঙ্গাইল ও মাদারীপুরে এসিড নিক্ষেপের ঘটনা ঘটে ২টি। এসিড নিক্ষেপের ঘটনায় আহত হন ২ জন নারী। এছাড়াও জমিজমা সংক্রান্ত বিরোধে ১ জন পুরুষ আহত হয়।

**আত্মহত্যা :** এপ্রিল মাসে সারা দেশে আত্মহত্যা করে ৭ জন। এরমধ্যে রয়েছেন ৬ জন নারী ও ১ জন পুরুষ।

**সাংবাদিক নির্যাতন:** এপ্রিল মাসে সারা দেশে সন্ত্রাসীদের দ্বারা বিভিন্ন ঘটনায় ৫টি সাংবাদিক নির্যাতনের ঘটনা ঘটেছে। এসব ঘটনায় ৪ জন সাংবাদিক আহত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি রাজনৈতিক দলের কর্মীরা সাপ্তাহিক এর সাংবাদিক আনিস রায়হান ও বুধবার পত্রিকার সাংবাদিক আহম্মেদ ফয়েজকে শারীরিক ভাবে আহত করেন। তাদের ঢাকা মেডিকালে ভর্তি করা হয়। এদিকে খুলনা বিশ্ববিদ্যালয়ে প্রথম আলোর ফটো সাংবাদিককে ধাওয়া করে আটকে রাখা হয়। পুলিশ কাঁদনে গ্যাস ছুঁড়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। সৈয়দপুর প্রথম আলো গাড়িতে বহন বন্ধের হুমকি দিয়েচেন সৈয়দপুরে মেয়র। মন্ত্রীকে সংবর্ধনা দিতে গিয়ে অতি আয়োজন ও সোনার চেইনদেয়ার ঘটনা প্রকাশ করায় এই হুমকি দেওয়া হয় বলে অভিযোগ করা হয়। এইদিকে হবিগঞ্জে নিউনেশন ও দৈনিক হবিগঞ্জ সমাচার এর দুই সাংবাদিককে ছিনতাইকারীরা আহত করে।

**ফাঁসি ও জেল জরিমানা :** এপ্রিল মাসে সারা দেশে মানবাধিকার লংঘন সংক্রান্ত বিভিন্ন ঘটনায় বিভিন্ন মামলায় ৩৭ জন গ্রেফতার হন।

---

মানবাধিকার প্রতিষ্ঠান লক্ষ্য স্বচ্ছতা প্রকল্পের আওতায় এই প্রিন্ট মিডিয়া মনিটরিং কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে

তালেয়া রেহমান

নির্বাহী পরিচালক